# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 16-12-2025** **Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীর প্রথম পর্যায়ের কাজ শেষ হওয়ার পর রাজ্যে খসড়া ভোটার তালিকা আজ প্রকাশিত হচ্ছে।

২) আজ ঐতিহাসিক বিজয় দিবস। ১৯৭১ সালে পাকিস্তানের বিরুদ্ধে ঐতিহাসিক জয়ের স্মরণে ফোর্ট উইলিয়াম সহ বিভিন্ন জায়গায় নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৩) উত্তর ২৪ পরগনার অশোকনগরে যে প্রাকৃতিক তেল ও গ্যাসের ভান্ডারের সন্ধান মিলেছে, তার সম্ভাব্য আর্থিক মূল্য প্রায় ৪৫ হাজার কোটি টাকা বলে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী রাজ্যসভায় জানিয়েছেন।

৪) পৌষ সংক্রান্তি উপলক্ষ্যে আসন্ন গঙ্গাসাগর মেলায় ভিড় নিয়ন্ত্রনে রাজ্য সরকার স্বেচ্ছাসেবকদের উপযুক্ত প্রশিক্ষণ দিয়ে সেখানে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে।

৫) অনূর্ধ্ব ১৯ কোচবিহার ট্রফি ক্রিকেটে, বাংলা আজ উত্তরপ্রদেশের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সকাল সাড়ে ৯ টায়।

oooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR এর প্রথম পর্যায়ের কাজ শেষ হওয়ার পর রাজ্যে খসড়া ভোটার তালিকা আজ প্রকাশিত হচ্ছে। দুপুরের মধ্যে এই তালিকা প্রকাশ হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর।

মহকুমা উন্নয়ন আধিকারিক SDO, ব্লক উন্নয়ন আধিকারিক BDO ও সংশ্লিষ্ট সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক এর ওয়েবসাইট এবং জেলাশাসকের দফতরে এই খসড়া ভোটার তালিকা টাঙানো থাকবে। এ ছাড়া নির্বাচন কমিশনের ওয়েব সাইট www.eci.gov.in এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের ওয়েবসাইট ceowestbengal.wb.gov.in এও এই তালিকা পাওয়া যাবে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, মোট ৭ কোটি ৬৬ লক্ষ ৩৭ হাজার ৫২৯ জন ভোটদাতা, SIR এর আওতায় ছিলেন। এর মধ্যে ৯২ দশমিক চার শতাংশ অর্থাৎ ৭ কোটি ৮ লক্ষ ১৬ হাজার ৬১৬ ভোটারের এনুমারেশন ফর্ম ডিজিটাইজ হয়েছে। অর্থাৎ ৫৮ লক্ষ এর বেশি ভোটারের নাম অনুপস্থিতি, স্থানান্তকরণ, মৃত এবং ডুপ্লিকেট এর জন্য খসড়া ভোটার তালিকা থেকে বাদ যাবে। ৩১ লক্ষ ৩৮ হাজার ৩৭৪ জন ভোটারের ২০০২ এর ভোটার তালিকার সঙ্গে ম্যাপিং হয় নি। এই সংখ্যক ভোটারকে শুনানিতে ডাকা হবে।

এই খসড়া তালিকা প্রকাশের কয়েক দিনের মধ্যেই শুরু হবে শুনানি প্রক্রিয়া। বিডিও, এসডিও, জেলাশাসক বা স্থানীয় সরকারি অফিসে শুনানি হতে পারে। প্রতিটি বিধানসভা এলাকায় একজন ইআরও এবং দশজন সহকারী ইআরও থাকবেন। দিনে সর্বাধিক একশোটি শুনানি নেওয়ার ব্যবস্থা থাকবে। শুনানিতে জমা পড়া সমস্ত নথি এবং ইআরও-এইআরওদের সিদ্ধান্ত ডিজিটাইজ় করা হবে। সেই সঙ্গে তথ্য ও সিদ্ধান্তের বৈধতা তাৎক্ষণিকভাবে অডিট করা হবে।

খসড়া তালিকায় নাম না থাকলে নতুন করে নাম তোলার জন্য ফর্ম ৬ পূরণ করে আবেদন করা যাবে।

এদিকে, খসড়া তালিকা প্রকাশ হলেও তথ্য খতিয়ে দেখার কাজ বন্ধ হচ্ছে না।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন

(ভয়েসকাস্ট - - অভিরূপ)

পরিচয় ও নাগরিকত্ব প্রমাণের জন্য কেন্দ্র বা রাজ্য সরকারের দেওয়া পরিচয়পত্র, জন্ম শংসাপত্র, পাসপোর্ট, শিক্ষাগত শংসাপত্র, স্থায়ী বাসিন্দা শংসাপত্র, সরকারি জমি-বাড়ির

নথি প্রভৃতি গ্রহণযোগ্য হবে। আধার শুধুমাত্র সচিত্র পরিচয়পত্র হিসেবে ব্যবহার করা যাবে, তার সঙ্গে অন্য নথি লাগবে। প্রতিটি বাদ পড়া নাম আলাদা তালিকায় কারণ-সহ নথিভুক্ত থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

সরকার বলেছে ভোটার তালিকায় চলতি বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচী SIR-এর উদ্দেশ হল তালিকা থেকে ভুয়ো ভোটদাতাদের নাম বাদ দেওয়া। রাজ্যসভায় গতকাল নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনয় অংশ গ্রহণ করে আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেন, নির্বাচনী প্রক্রিয়ার সংস্কার সাধনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। ভারতীয় সংবিধানের প্রণেতা বাবাসাহেব ডক্টর ভীমরাও আম্বেদকর - এক ব্যক্তি, এক ভোট , এক মূল্যের যে আদর্শের কথা উল্লেখ করেছিলেন তারই ভিত্তিতে SIR বলেও স্পষ্ট জানান তিনি।

(বাইট – মেঘওয়াল)

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ ঐতিহাসিক বিজয় দিবস।

**১৯৭১**সালে মুক্তিযুদ্ধ শেষে ভারতীয় সেনা ও মুক্তিযোদ্ধারা পাকিস্তানী সেনার বিরুদ্ধে লড়াই করে জয় লাভ করে। মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করে তৎকালীন পশ্চিম পাকিস্তান। জন্ম হয় স্বাধীন বাংলাদেশের। পাকিস্তানের বিরুদ্ধে সেই ঐতিহাসিক জয়ের স্মরণে প্রতিবছর এই বিজয় দিবস পালিত হয়।

এই উপলক্ষে ভারতীয় সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দপ্তর ফোর্ট উইলিয়ামে সেনার তরফে আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে বিজয় স্মারকে শ্রদ্ধা জ্ঞাপন করবেন রাজ্যপাল সিভি আনন্দ বোস।

এবছর বাংলাদেশ থেকে কুড়িজনের এক প্রতিনিধি দল অনুষ্ঠানে যোগ দেবেন। এরমধ্যে আছেন ৮জন মুক্তি যোদ্ধা ও দুজন সার্ভিং অফিসার এবং তাদের পরিবারের সদস্যরা ।

এদিকে বিজয় দিবস পালনের অঙ্গ হিসেবে গতকাল ফোর্ট উইলিয়ামে মিলিটারি ট্যাটু শো অনুষ্ঠিত হয়।

অন্যদিকে বিজয় দিবসের প্রাক্কালে কলকাতার লোকভবনে গতকাল এক অনুষ্ঠানে বাংলাদেশের একাধিক মুক্তিযোদ্ধা, তাঁদের পরিবারের সদস্য ও সেনাবাহিনীর প্রতিনিধিদের সম্মান জানান রাজ্যপাল সিভি আনন্দ বোস। গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধাদের আন্তরিক স্বাগত জানিয়ে রাজ্যপাল বলেন, তাঁদের সাহস, আত্মত্যাগ ও অটল সংকল্পের ফলেই **১৯৭১** সালে স্বাধীন বাংলাদেশের জন্ম হয়। রাজ্যপাল আরও বলেন, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের সম্পর্ক- ভাষা, সংস্কৃতি ও ইতিহাসের গভীর বন্ধনে আবদ্ধ। মুক্তিযুদ্ধের সময় এই ভূখণ্ড লক্ষ লক্ষ মানুষকে আশ্রয় ও সহানুভূতি দিয়েছিল, যা আজও আমাদের গর্ব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ থেকে শুরু হচ্ছে বিশেষ অনুষ্ঠান ' আজকের প্রসঙ্গ '। উন্নয়নমূলক বিভিন্ন সরকারি প্রকল্প এবং সাম্প্রতিক বিভিন্ন বিষয় নিয়ে আমরা আপনাদের কাছে হাজির হবো এই অনুষ্ঠান নিয়ে।

আকাশবাণী কলকাতার এই বিশেষ অনুষ্ঠান এবার থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার রাত আটটা এবং বুধবার রাত সাড়ে নটায় শোনা যাবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মেও পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বুধবারের আজকের প্রসঙ্গে শুনবেন বিশেষ আলোচনা ভারত - রাশিয়া সম্পর্ক। Dr অনিক চ্যাটার্জি র সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি আগামীকাল রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় শোনা যাবে।

দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন ১৮ ই ডিসেম্বর রাত ৮ টায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার অশোকনগরে যে প্রাকৃতিক তেল ও গ্যাসের ভান্ডারের সন্ধান মিলেছে, তার সম্ভাব্য আর্থিক মূল্য প্রায় ৪৫ হাজার কোটি টাকা বলে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী জানিয়েছেন। এই আবিষ্কার রাজ্য ও দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে তিনি আশা প্রকাশ করেন। রাজ্যসভায় বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য-এর এক প্রশ্নের উত্তরে হরদীপ সিং পুরী জানিয়েছেন, পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে এ মাসের ১০ ও ১২ তারিখ কেন্দ্রের চিঠি আদানপ্রদান হয়েছে। কয়েক সপ্তাহের মধ্যেই বলা যাবে যে, কবে থেকে তেল তোলা যাবে। পেট্রোলিয়াম মন্ত্রী জানান, ONGC ইতমধ্যেই অশোকনগরে ১ হাজার কোটি টাকা বিনিয়োগ করেছে। সেখানে ২৪ কোটি ব্যারেল তেল রয়েছে। এর ৩০ শতাংশও যদি তোলা যায়, তাহলে তার মূল্য দাঁড়াবে ৪৫ হাজার কোটি টাকা।

(বাইট – হরদীপ সিং পুরী)

ONGC জানিয়েছে, রাজ্য সরকার আর একটু সহযোগিতা করলে কাজ এতদিনে শুরু হয়ে যেত। তারা অশোকনগর ছাড়াও উত্তর ২৪ পরগনায় ১৩টি, দক্ষিণ ২৪ পরগনায় ৩টি, নদিয়ায় ১টি এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে মোট ৫টি খনন ক্ষেত্র হিসেবে চিহ্নিত করেছে।

oooooooooooooooooooooo

পৌষ সংক্রান্তি উপলক্ষ্যে আসন্ন গঙ্গাসাগর মেলায় ভিড় নিয়ন্ত্রনে রাজ্য সরকার স্বেচ্ছাসেবকদের উপযুক্ত প্রশিক্ষণ দিয়ে সেখানে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। পুন্যার্থীরা যাতে মেলায় না হারিয়ে যান সেই জন্যে তাদের রিস্ট ব্যান্ড ও পরিচয় পত্র দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল মেলার প্রস্তুতি নিয়ে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, পুলিশ, দমকল, পূর্ত, সেচ, বিদ্যুত সহ বিভিন্ন দপ্তরের সচিব, আধিকারিক, রেল, বিএসএনএল, জেলা প্রশাসনের সঙ্গে বৈঠক করেন।

মেলাকে কেন্দ্র করে ভিআইপি ও বিশেষ ব্যাক্তিদের জন্যে সাধারন মানুষকে যেন কোনভাবেই হেনস্থার শিকার না করা হয় তা নিশ্চিত করার জন্যে মুখ্যমন্ত্রী প্রশাসনকে নির্দেশ দিয়েছেন । ভিআইপি-দের আলাদাভাবে গুরুত্ব দেওয়া যাবে না বলে জানানো হয়েছে। প্রতি পূন্যার্থীর মাথাপিছু ৫ লক্ষ টাকা করে বীমা করা হবে।

এছাড়াও কুম্ভ মেলা না থাকায় এই বছর সাগরে দেশের বিভিন্ন প্রান্ত থেকে অনেক পূন্যার্থী আসবে ধরে নিয়ে মেলার নিরাপত্তায় ওয়াচ টাওয়ার, সিসিটিভি ও ড্রোন ক্যামেরায় নজরদারির পাশাপাশি ভিড় সামাল দিতে কলকাতা থেকে গংগাসাগর পর্যন্ত আড়াই হাজার বাস, মুড়িগংগায় ২৫০টি লঞ্চ ও ২১টি অস্থায়ী জেটি তৈরির কথা বলা হয়েছে। দূর্ঘটনা এড়াতে সব ধরনের ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। পূর্ব রেলকে অতিরিক্ত ট্রেন চালানোর আবেদন জানানো হয়েছে।

মেলাকে কেন্দ্র করে যেন কোন রকম অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্যে চন্দ্রিমা ভট্ট্াচার্য, সুজিত বসু, ফিরহাদ হাকিম, অরূপ বিশ্বাস, বেচারাম মান্না, মানস ভুঁইয়া, ব্রাত্য বসুকে বিভিন্ন জায়গায় দায়িত্ব দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

ইসলাম ধর্মাবলম্বীদের বিশেষ ধর্মীয় অনুষ্ঠান বিশ্ব ইজতেমা অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ধরনের ব্যবস্থা নেওয়ার জন্যে রাজ্য সরকার প্রশাসনকে নির্দেশ দিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে আগামী মাসের শুরুতে হুগলির পোলবার দাদপুরে চারদিনের প্রস্তাবিত এই অনুষ্ঠানের ব্যবস্থাপনা ও প্রস্তুতি নিয়ে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, দমকল, বিদ্যুৎ, পুলিশ, ইমাম মোয়াজ্জিনদের সংগঠন সহ ফিরহাদ হাকিম এর সঙ্গে বৈঠক করেন। সাধারণের সুরক্ষায় যেন কোন ধরনের দুর্ঘটনা না ঘটে তার জন্যে নিরাপত্তার দিকটি বিশেষ ভাবে নজর দেওয়ার কথা বলা হয়েছে।

উল্লেখ্য, ৩২ বছর বাদে রাজ্যে আগামী ২ থেকে ৫ জানুয়ারি এই অনুষ্ঠান হওয়ার কথা।

oooooooooooooooooooooo

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা আবারও কিছুটা নিম্নমুখী। আলিপুরে আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা সামান্য কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে কিছুটা বেশি ২৭ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

আগামী কয়েকদিন তাপমাত্রার বিশেষ হেরফের হবেনা বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। সকালের দিকে রাজ্যের প্রায় সব জেলাতেই কুয়াশার সম্ভাবনা রয়েছে, ফলে দৃশ্যমানতা কিছুটা কমতে পারে।

oooooooooooooooooooo

উত্তরপ্রদেশের বেরেলির SRMS ক্রিকেট মাঠে, অনূর্ধ্ব ১৯ কোচবিহার ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা আজ উত্তরপ্রদেশের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সকাল সাড়ে ৯ টায়।

বাংলা ৪ ম্যাচে ২ টি জিতে, ১ টি ড্র করে ও ১ টি হেরে ১৫ পয়েন্ট নিয়ে গ্রুপ ডি-র তৃতীয় স্থানে আছে। অন্যদিকে, উত্তরপ্রদেশ ৩ টি জিতে ও ১ টি হেরে ১৯ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে আছে।

oooooooooooooooooooo

সাহিত্যিক সম্পাদক সপ্না দেব প্রয়াত। গতকাল তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৮৪ বছর। তাঁর ইচ্ছে অনুসারে কল্যাণী এইমসে মরণোত্তর দেহ দান করা হয়। দৈনিক বসুমতিতে বিবেকানন্দ মুখোপাধ্যায়ের কাছে তাঁর সাংবাদিকতার হাতে খড়ি। পরে তিনি প্রতীকক্ষণের সম্পাদক হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেন। তাঁর উল্লেখযোগ্য বই-এর মধ্যে আছে, খবর খোঁড়ার দিনলিপি।

ooooooooooooooooooo

oooooooooooooooooooo